# কাজলী মডেল ইংরেজি :
# শিক্ষাদান পদ্ধতি

## (Manual for Kajoli Model English)- 1st Part

**(কাজলী কেন্দ্রসমূহের শিক্ষিকাদের ব্যবহারের জন্যে তৈরী)**


## Research Initiatives Bangladesh (RIB)

**House # 07, Road # 17, Block-C, Banani, Dhaka-1213**
**Bangladesh**
**Website: www.rib-kajolimodel.org**
**www.rib-bangladesh.org**

# প্রথম খন্ড

সূচীপত্র
মুখবন্ধ
ভূমিকা
শিক্ষিকাদের জন্য সাধারণ  নির্দেশাবলী
প্রথম অধ্যায়:   কাজলী ইংরেজি ছবির কার্ড ও তার ব্যবহার
১.১ শব্দ-কার্ডে ব্যবহৃত ইংরেজি শব্দ, তাদের বাংলা উচ্চারণ ও অর্থ
১.২ শব্দ/বর্ণ কার্ডের ব্যবহার প্রণালী
দ্বিতীয় অধ্যায়:    ইংরেজি ব্যাকরণের সবচেয়ে জরুরী কয়েকটি নিয়ম মেনে কথা বলতে শেখা
২.১ ছড়া ও ড্রিলের সাহায্যে বর্তমান কাল-এর ব্যবহার শেখা
নির্দেশ/আদেশসূচক কিছু বাক্য
তৃতীয় অধ্যায়:   ইংরেজিতে প্রশ্ন করতে শেখা

## মুখবন্ধ

কাজলী প্রাক-প্রাইমারী শিশুশিক্ষা মডেল তৈরী ও ব্যবহারের কাজ আমরা শুরু করেছিলাম ২০০৩ সালে, অর্থাৎ আজ থেকে প্রায় ২০ বছর আগে। প্রথমে শুধু বাংলায় লিখতে-পড়তে ও ছড়া-কবিতা-গান শেখার দিকে ঝোঁক দেওয়া হয়েছিল। তার সঙ্গে কিছুটা গণিত পরিচয়ও ছিল। শিশুদের লেখাপড়ার প্রতি বা কোনো কিছু শেখার বা জানার প্রতি আগ্রহ সৃষ্টি করাই ছিল মডেলটির মূল উদ্দেশ্য। আর খেলতে-খেলতে শেখাই ছিল এর মূল কৌশল। তাই এক বছরের এই শিক্ষা ব্যবস্থায় বই-খাতা-পেন্সিলের কোনো ব্যবহার রাখা হয়নি। বিকল্প উপকরণ হিসেবে পকেট বোর্ড, পকেট কার্ড ও ব্ল্যাক বোর্ডের ব্যবহার করা হয়। শিক্ষা যে আনন্দময়, শিশুর মনে এই ধারণা তৈরী করে, তাকে শিক্ষাজগতে ধরে রাখা এর আরেকটি মূল লক্ষ্য।

এ ব্যাপারে আমাদের আর একটি বিশেষ লক্ষ্য ছিল যে মডেলটি কার্যকর করার জন্যে যে কাজলী কেন্দ্র স্থাপন করা হবে তা যেন যতদূর সম্ভব কম খরচে, বাইরের আর্থিক সহায়তা ছাড়াই, স্থানীয় সমাজের নিজস্ব শক্তিতে চলতে পারে। গত প্রায় ২০ বছরে কাজলী মডেল-ভিত্তিক প্রায় ২০০টি কাজলী শিশুশিক্ষা কেন্দ্র সারা বাংলাদেশে গড়ে ওঠে ও দেশের অন্যতম সমাজ-পরিচালিত কমিউনিটি মডেল হিসেবে দাঁড়িয়ে উঠে দেশের প্রত্যন্ত অঞ্চলে শিশুদের শিক্ষার প্রতি আগ্রহী করে তোলে। করোনা মহামারীতে তার অনেকগুলো বন্ধ হয়ে গেলেও ইদানীং অনেকগুলোই আবার চালু হয়েছে। সব মিলে প্রায় একলক্ষের বেশি শিশু বছর-ব্যাপী এই পাঠক্রম শেষ করে স্থানীয় প্রাইমারী স্কুলে ভর্তি হয়েছে। অনেকে উচ্চবিদ্যালয় ও কলেজ স্তরেও পৌঁছেছে।

বাইরের আর্থিক সহায়তা ছাড়া কাজলী কেন্দ্রগুলোর টিকে থাকার মূল কারণ এর সাফল্য। মডেলটির মাধ্যমে শিশুরা শুধু শিক্ষার প্রতি আগ্রহীই হয়ে ওঠে না, তাদের মনে শিক্ষার একটি শক্ত ভিতও তৈরী হয়। কেন্দ্রগুলো থেকে বের হয়ে স্থানীয় প্রাইমারি স্কুলে প্রবেশ করে শিশুরা যে নৈপুণ্যের পরিচয় দেয় তাতে স্থানীয় জনগণের মনে কাজলী মডেলের প্রতি আগ্রহ বাড়ে। স্থানীয় বাবা-মায়েরাও কাজলী কেন্দ্রের প্রতি আস্থাশীল হয়ে তাদের শিশুদের কেন্দ্রে পাঠায় ও শিক্ষিকাদের ন্যায্য পারিশ্রমিক দিতে দ্বিধাবোধ করে না। স্থানীয় সমাজের আস্থাই কাজলী কেন্দ্রগুলোর মূল শক্তি।

প্রথমদিকে আমরা ইংরেজি শেখানোর প্রতি বিশেষ নজর দিইনি। আমাদের ভয় ছিল যে গ্রামে-গঞ্জে সেরকম ইংরেজি-জানা শিক্ষিকা পাওয়া যাবে না। কয়েক বছর পরে আমাদের শিক্ষিকাদের পারদর্শিতা লক্ষ্য করে এবং তাদের আগ্রহ সম্বন্ধে অবগত হয়ে আমরা ঠিক করি যে, শিশুদের মনে ইংরেজি ভাষা

সম্বন্ধেও কিছ ধারণা দেওয়া প্রয়োজন এবং তার জন্যে আমরা বর্তমান শিক্ষিকাদেরকেই প্রশিক্ষণের মাধ্যমে তৈরী করে নিতে পারবো। সিদ্ধান্ত অনুযায়ী আমরা কাজলী মডেলে ইংরেজি শিক্ষাদান পদ্ধতি অন্তর্ভূক্ত করি। তার জন্যে একটি নির্দেশিকা বা ম্যানুয়ালও তৈরী করা হয় যা ব্যবহার করে শিক্ষিকারা ইংরেজিতে পাঠদান করতে পারবেন।

২০১২ সালের দিকে আমরা কাজলী মডেলে ধীরে ধীরে ইংরেজি ভাষা শিক্ষা প্রচলন করি। কিছুদিনের মধ্যেই লক্ষ্য করি যে আমাদের শিক্ষিকাদের ইংরেজিতে উচ্চশিক্ষা না থাকলেও তারা আমাদের তৈরী ম্যানুয়ালটি ব্যবহার করে বেশ সহজেই ইংরেজি শেখাতে পারছে এবং শিশুরাও উৎসাহের সাথে শিখছে। আর কেন্দ্রের শিক্ষা শেষ করে শিশুরা প্রাইমারি স্কুলে গিয়ে তাদের ইংরেজি জ্ঞানের পরিচয় দিয়ে সেখানকার শিক্ষকদের দৃষ্টি কাড়ছে। এই সাফল্যের ভিত্তিতে এবং শিক্ষিকাদের কাছ থেকে তাদের অভিজ্ঞতা সম্বন্ধে জেনে আমরা পরবর্তীকালে ধাপে ধাপে মডেলটিতে কিছু পরিবর্তন ও পরিমার্জন আনার চেষ্টা করি। বিশেষ করে নজর দিই আরো কত সহজে শিশুদের ইংরেজি শেখানো যায়।

আমরা বর্তমান সংস্করণে ম্যানুয়ালটিতে আরো কিছু পরিবর্তন এনেছি একটি বিশেষ কারণে। কারণটি হচ্ছে যে, আমরা আগে ধরে নিয়েছিলাম যে কাজলী কেন্দ্রে কেবল ৫ বছরের কাছাকাছি বয়সের শিশুরা ভর্তি হবে যাতে এক বছরে পাঠক্রম শেষে তারা স্থানীয় প্রাইমারী স্কুলে ভর্তির জন্য তৈরী হয়ে যাবে। তবে গত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করেছি যে অনেক ক্ষেত্রে সেই বয়সের শিশুদের সাথে তাদের ছোট ছোট ভাইবোনরাও কেন্দ্রে আসে, যাদের অনেকেই তিন-চার বছর বয়েসী। শিশুদের মা-বাবারাও চায় তারা কেন্দ্রে আসুক। তাই আমরা ঠিক করি যে আমাদের ইংরেজি শিক্ষার মডেলটিকে আমরা ৩ বছরের শিশুদের উপযোগী করে তোলার চেষ্টা করবো। সেই লক্ষ্যে আমরা পদ্ধতিটি আরও সহজ করার চেষ্টা করেছি। ছন্দ ও ছড়ার মাধ্যমে ব্যাকরণের সূক্ষ্ম বিষয়গুলো শেখাবার চেষ্টা করেছি। শিক্ষিকাদের সে ব্যাপারে একটু প্রশিক্ষণ দিলেই তারা পদ্ধতিটা ব্যবহার করতে সক্ষম হবে বলে আমাদের বিশ্বাস।

বর্তমান ম্যানুয়ালে আমরা আগের বেশ কিছু পাঠ বাদ দিয়েছি। এর প্রধান কারণ হচ্ছে যে আমরা গত কয়েক বছরের অভিজ্ঞতায় দেখেছি যে এক বছরে সে সব পাঠ শেষ করা বেশি উচ্চাকাঙ্খা হয়ে যায়। শিক্ষিকাদের ওপর চাপ পড়ে। তার চেয়ে বরং সীমিত পরিসরে আরো নিবিড়ভাবে ভাষার মূল বিষয়গুলো শিশুদের মনে গেঁথে দেওয়াই ভালো হবে। প্রয়োজনে আবার পরিবর্তন আনা যাবে।

শিক্ষিকাদের সুবিধার্থে আমরা একটা রুটিনও বেঁধে দেবার চেষ্ট করেছি। ইংরেজি শব্দ ও বর্ণের সাথে পরিচয়, ব্যাকরণ, ইংরেজিতে প্রশ্ন করতে শেখা, কথোপকথন, ছড়া, কবিতা, সপ্তাহের দিন ও বছরের

মাস, সংখ্যা, রঙের নাম ইত্যাদি শেখার ধাপগুলোও বেঁধে দেবার চেষ্টা করেছি। তাতে সুবিধে না হলে শিক্ষিকারা তা অবশ্যই বদলিয়ে নিতে পারবেন।

বর্তমান শিক্ষিকা নির্দেশিকা বা ম্যানুয়েলটির অর্ন্তভূক্ত বিষয়সমূহকে বিভিন্ন অধ্যায়ে বিন্যস্ত করে সেগুলোকে তিনটি খণ্ডে বিভক্ত করা হয়েছে। প্রথম খণ্ডে ইংরেজি ছবি/শব্দ কার্ড, ছড়া ও ড্রিলের সাহায্যে ইংরেজি ব্যাকরণের অন্যতম বিষয় কাল; এ খণ্ডে শুধু বর্তমান কাল, প্রশ্ন করতে শেখা এসব রাখা হয়েছে। দ্বিতীয় খণ্ডে কালের অতীত ও ভবিষৎ রূপের ছড়া ও ড্রিল দেওয়া আছে। তৃতীয় খণ্ডে ছড়া, সপ্তাহের দিন ও বছরের মাস, সংখ্যা, রঙের নাম, ইংরেজিতে কথোপকথন প্রভৃতি বিভিন্ন অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে।

ম্যানুয়ালটি তৈরী করতে আমাকে সবচেয়ে বেশি সাহায্য করেছে শারমিন আক্তার। তারই অক্লান্ত পরিশ্রমে এটি সামগ্রিকরূপ পেয়েছে। শারমিন ২০১৫ সাল থেকে কাজলী মডেলের ব্যবহার, সম্প্রসারণ ও অন্যান্য কাজের সঙ্গে সম্পৃক্ত। মডেলটির ভিত্তিতে শিক্ষিকাদের ট্রেনিং ও পরামর্শ দান ক'রে, তাদের নানা কাজে সহায়তা ক'রে, তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা ক'রে ও তাদের কাজের তদারকি ক'রে সে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছে তা বর্তমান ম্যানুয়ালটি তৈরীতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

এ কাজে আরো সহায়তা করেছে আমাদের আর একজন সহকর্মী রুহি নাজ, যার মূল কাজ কাজলী মডেলের সামগ্রিক বাস্তবায়নের সমন্বয় করা। আর প্রকল্পের শুরু থেকেই ম্যানুয়ালটির টাইপিং, পরিবর্তন, পরিবর্ধন, ছাপা, বাঁধাই ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজে একনিষ্ঠভাবে সাহায্য করেছে আমাদের আর একজন সহকর্মী, রাশিদা আক্তার। তাদের সবাইকে গভীর কৃতজ্ঞতা জানাই।

শামসুল বারি
চেয়ারম্যান, রিইব
জানুয়ারি, ২০২৩

# ভূমিকা

কাজলী শিশুশিক্ষা কেন্দ্রের জনপ্রিয়তা ও উৎকর্ষতা আরো বাড়াতে শিশুদের অতি সহজে ও আনন্দের সাথে ইংরেজি শেখার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। আমাদের উদ্দেশ্য হলো শিশুদের ইংরেজি বর্ণ, অক্ষর, শব্দ এবং কথার সাথে পরিচয় করানো এবং ইংরেজি ব্যকরণের কয়েকটি মূলধারা বিনাক্লেশে তাদের মনের মধ্যে গেঁথে দেওয়া।

বর্ণ ও অক্ষর পরিচয়ের জন্য ছবির কার্ড রয়েছে, যেগুলো ব্যবহারের নির্দেশনা এই ম্যানুয়ালেই দেওয়া আছে। শিশুরা ছবি কার্ডের মাধ্যমে ইংরেজি শব্দ, বর্ণ ও সাধারণ কিছু বস্তুর নাম ইংরেজিতে শিখবে।

এই নতুন পুস্তিকা ও নির্দেশিকার মাধ্যমে আমরা শুধু ইংরেজি বলতে শেখার উপর জোর দিচ্ছি। এর জন্যে আমরা ইংরেজি ব্যাকরণের বহুল ব্যবহৃত ও প্রয়োজনীয় কয়েকটি বিষয় বেছে নিয়েছি। এগুলো ড্রিল-এর মাধ্যমে শিশুদের অভ্যস্থ করাতে হবে।

শিশুরা যাতে ইংরেজিকে নতুন ভাষা হিসেবে দেখে ভয় না পায় সেজন্য প্রথম থেকে ছন্দ ও আনন্দের মাধ্যমে শেখাানোতে জোর দেয়া হয়েছে। তাই প্রত্যেকটা ড্রিল কীভাবে সুর ক'রে ও ছন্দের মাধ্যমে শেখানো যায় (যেমন - শিক্ষিকা সুর ক'রে বলবেন, I am, you are, he is, she is আর শিশুরাও শিক্ষিকার সাথে সাথে বলবে। যখন শিশুরা নিজেরা বলতে শিখবে তখন দ্রুত ছন্দটা বলতে থাকবে) তার উপর গুরুত্ব দয়া হয়েছে।

একই ভাবে পরের ড্রিলগুলোও শিশুদের ছন্দে ছন্দে ও সুরে সুরে ও ভাবভঙ্গী করে শেখানো হবে। ইংরেজি ব্যাকরণের যে বিষয়গুলো বেশি ব্যবহৃত হয়, সেগুলো যাতে শিশুদের মনে গেঁথে যায় তার জন্য শুরুর দিকে শুধু কর্তা ও  ক্রিয়ার ড্রিল রাখা হয়েছে। এরপর পর্যায়ক্রমে ড্রিলগুলোতে শব্দ যোগ করে ছোট থেকে বড় বাক্যের দিকে যাওয়া হয়েছে।

এ ব্যাপারে শিক্ষিকাও নিজেই ঠিক করে নিতে পারেন আরো কীভাবে শিশুদের এধরনের ড্রিলে অভ্যস্থ করানো যায়। ড্রিলগুলো শিক্ষিকা বারবার শিশুদের দিয়ে বলাবেন। ইংরেজি বাক্যগুলো ছন্দ ক'রে, আনন্দ ক'রে ও হেলেদুলে শিশুদের বলাতে থাকলে বিষয়টি শিশুদের মনে গেঁথে যাবে, ভবিষতে আর ভুল হবে না। দেখা যায়, ইংরেজি জানা অনেকেই ভুল করে "অ্যাম" এর জায়গায় "ইজ" বলে বসেন। ছোটবেলা থেকেই শিশুরা যদি ড্রিল এর মাধ্যমে ছন্দাকারে ইংরেজির মূল বিষয়গুলো শিখে ফেলে, তাহলে আর কখনো ভুল করবে না।

শিক্ষিকা ক্লাসে ড্রিলগুলো করানোর পাশাপাশি আরো কিছু বিষয়, যেমন শুভেচ্ছা বিনিময়, ইংরেজিতে নির্দেশসূচক বাক্য, পরিস্থিতি অনুযায়ী বলবেন। যেমন- ক্লাসে প্রবেশ করে শিশুদের বলবেন, “গুড মনিং”, ক্লাস শেষে বলবেন “গুড বাই” ইত্যাদি। আবার ক্লাসে কোনো শিশুকে ডেকে কাছে আসতে বললে বলবেন, “প্লিজ কাম হেয়ার”, আবার শিশুকে তার নিজের জায়গায় চলে যেতে বললে বলবেন, “প্লিজ গো দেয়ার” বা “গো ব্যাক”। এছাড়াও আছে ইংরেজিতে সাত দিনের নাম, বারো মাসের নাম, কিছু রং-এর নাম, যেগুলো শিক্ষিকা ড্রিলগুলোর পাশাপাশি সুবিধা অনুযায়ী শিশুদের শেখাবেন।

## শিক্ষিকাদের জন্য সাধারণ নির্দেশাবলি

১. শিক্ষিকা বছরের শুরু থেকেই ইংরেজি ছবির কার্ডের পাশাপাশি ম্যানুয়্যালের ক্রম অনুযায়ী ব্যাকরণ শেখার জন্য ছোট ছোট বাক্য দিয়ে তৈরী ড্রিল চর্চা করাবেন এবং সেইসাথে ইংরেজিতে প্রশ্ন করা, কথোপকথন, নিজে নিজে ইংরেজিতে কথা বলা এবং ম্যানুয়ালে দেওয়া বিষয়সমূহ ধারাবাহিকভাবে শেখাবেন ।

২. বছরের শুরু থেকেই ইংরেজি ছবির কার্ড ব্যবহার করে লেখা শেখাতে শুরু করতে হবে।

৩. প্রথম দিকে ব্যাকরণের জন্য যেসব ড্রিল দেওয়া হয়েছে সেগুলো শুধু মুখে মুখে শিশুদের অনুশীলন করাবেন। এক্ষেত্রে শিক্ষিকা বলবেন, আর শিশুরা তাঁর সাথে সাথে বলতে বলতে বাক্যগুলোর সাথে অভ্যস্ত হবে। যেখানে সম্ভব শিক্ষিকা অভিনয় করে শিশুদের শেখাবেন, শিশুরাও নিজেদের মধ্যে বলতে থাকবে।

৪. শিক্ষিকা প্রতিদিন কমপক্ষে ১ ঘণ্টা ইংরেজি শেখাবেন। এ সময়ে মধ্যে **প্রথম ১৫-২০ মিনিট ছবির কার্ডের খেলা, এরপর ২৫-৩০ মিনিট ব্যাকরণ-এর মূল বিষয়ের ড্রিল, ইংরেজিতে কথোপকথন/নিজে নিজে ইংরেজিতে কথা বলা, ৫-১০ মিনিট ইংরেজি ছড়া, ৫-১০ মিনিট সাত দিনের নাম, মাসের নাম, রং-এর নাম** ইত্যাদি শেখাবেন। যে বিষয়গুলো শেখানো হয়েছে সেগুলো কিছুদিন অন্তর রিভিসন করাবেন।

৫. শিক্ষিকাদের ব্যবহারের সুবিধার্থে ইংরেজি শিক্ষিকা সহায়িকাকে তিনটি খন্ডে ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি খন্ড আবার বিভিন্ন অধ্যায়ে বিন্যস্ত।

**প্রথম খন্ড**

প্রথম অধ্যায়: কাজলী ইংরেজি ছবির কার্ড ও তার ব্যবহার
১.১ শব্দ-কার্ডে ব্যবহৃত ইংরেজি শব্দ, তাদের বাংলা উচ্চারণ ও অর্থ
১.২ শব্দ/বর্ণ কার্ডের ব্যবহার প্রণালী
দ্বিতীয় অধ্যায়: ইংরেজি ব্যাকরণের সবচেয়ে জরুরী কয়েকটি নিয়ম মেনে কথা বলতে শেখা
২.১ ছড়া ও ড্রিলের সাহায্যে বর্তমান কাল-এর ব্যবহার শেখা
নির্দেশ/আদেশসূচক কিছু বাক্য
তৃতীয় অধ্যায়: ইংরেজিতে প্রশ্ন করতে শেখা

**দ্বিতীয় খন্ড**

(প্রথম খণ্ডের দ্বিতীয় অধ্যায়ের শেষের অংশ দ্বিতীয় খণ্ডে রাখা হয়েছে)
২.২ ছড়া ও ড্রিলের সাহায্যে অতীত কাল-এর ব্যবহার শেখা
৩.৩ ছড়া ও ড্রিলের সাহায্যে ভবিষৎ কাল-এর ব্যবহার শেখা

**তৃতীয় খন্ড**

চতুর্থ অধ্যায়: ইংরেজি ছড়া

পঞ্চম অধ্যায়: সপ্তাহের দিন, বছরের মাস, শরীরের অঙ্গ প্রত্যঙ্গ, ইংরেজি মাসের নাম, রংয়ের নাম, সংখ্যা

ষষ্ঠ অধ্যায়: ইংরেজিতে কথোপকথন অংশ

সপ্তম অধ্যায়: নিজে নিজে ইংরেজিতে কিছু কথা বলতে শেখা

# প্রথম অধ্যায়

## ১.১ শব্দ-কার্ডে ব্যবহৃত ইংরেজি শব্দ, তাদের বাংলা উচ্চারণ ও অর্থ

| SL No | English | বাংলা উচ্চারণ ও অর্থ | SL No | English | বাংলা উচ্চারণ ও অর্থ |
|---|---|---|---|---|---|
| ১ | ANT | অ্যান্ট (পিঁপড়া) | ৩১ | DOG | ডগ (কুকুর) |
| ২ | CAT | ক্যাট্ (বিড়াল) | ৩২ | BALL | বল (বল) |
| ৩ | BOX | বক্স (বাক্স) | ৩৩ | BOOK | বুক (বই) |
| ৪ | FAN | ফ্যান (পাখা) | ৩৪ | FISH | ফিশ (মাছ) |
| ৫ | EGG | এগ্ (ডিম) | ৩৫ | GOAT | গোট্ (ছাগল) |
| ৬ | RAT | র‍্যাট্ (ইঁদুর) | ৩৬ | DUCK | ডাক্ (পাতিহাঁস) |
| ৭ | MUG | মাগ্ (মগ) | ৩৭ | BOAT | বোট্ (নৌকা) |
| ৮ | FOX | ফক্স (শেয়াল) | ৩৮ | DOOR | ডোর (দরজা) |
| ৯ | EYE | আই (চোখ) | ৩৯ | GIRL | গার্ল(বালিকা /মেয়ে |
| ১০ | VAN | ভ্যান (ভ্যানগাড়ি) | ৪০ | HAND | হ্যান্ড (হাত) |
| ১১ | NET | নেট (জাল) | ৪১ | SHOE | সু (জুতা) |
| ১২ | PEN | পেন (কলম) | ৪২ | ROSE | রোজ্ (গোলাপ) |
| ১৩ | EAR | ইআর (কান) | ৪৩ | LOCK | লক্ (তালা) |
| ১৪ | CAP | ক্যাপ (টুপি) | ৪৪ | MOON | মুন্ (চাঁদ) |
| ১৫ | HEN | হেন (মুরগী) | ৪৫ | TREE | ট্রি (গাছ) |
| ১৬ | JUG | জাগ্ (জগ) | ৪৬ | DOLL | ডল (পুতুল) |
| ১৭ | COW | কাউ (গরু) | ৪৭ | WATCH | ওয়াচ্ (ঘড়ি) |
| ১৮ | POT | পট (পাত্র) | ৪৮ | GLASS | গ্লাস (গ্লাস) |
| ১৯ | TOP | টপ (লাটিম) | ৪৯ | CHAIR | চেয়ার (চেয়ার) |
| ২০ | JAR | জার (কলস) | ৫০ | HUT | হাট (কুড়েঘর) |
| ২১ | KEY | কী (চাবি) | ৫১ | APPLE | অ্যাপ্ল (আপেল) |
| ২২ | FLY | ফ্লাই (মাছি) | ৫২ | MANGO | ম্যাঙগো (আম) |
| ২৩ | BOY | বয় (বালক) | ৫৩ | SHEEP | শিপ (জাহাজ) |
| ২৪ | BIRD | বার্ড (পাখি) | ৫৪ | WHEEL | হুইল (চাকা) |
| ২৫ | CROW | ক্রো (কাক) | ৫৫ | TIGER | টাইগার (বাঘ) |
| ২৬ | KITE | কাইট (ঘুড়ি) | ৫৬ | FAIRY | ফেইরী (পরী) |
| ২৭ | LAMP | ল্যাম্প (বাতি) | ৫৭ | DONKEY | ডনকি (গাধা) |
| ২৮ | STAR | স্টার (তারা) | ৫৮ | UMBRELLA | আমব্রেলা (ছাতা) |
| ২৯ | QUEEN | কুইন (রাণী) | ৫৯ | BANANA | ব্যানানা (কলা) |
| ৩০ | ZEBRA | জেব্রা (জেব্রা) | ৬০ | RABBIT | র‍্যাবিট (খরগোশ) |

## ১.২ শব্দ/বর্ণ কার্ডের ব্যবহার প্রণালী

**সহজ ইংরেজি শব্দ শেখার মাধ্যমে অক্ষর পরিচয়**

কাজলী মডেল ইংরেজি শিক্ষা পদ্ধতির প্রথম পর্যায়ে ৬০টি শব্দ-কার্ডের মাধ্যমে শিশুদের ইংরেজি বর্ণ/অক্ষর ও শব্দ পরিচয় করানো হয়। একটি শব্দ-কার্ডের সেটে মোট ৬০টি শব্দ-কার্ড থাকে। এদের প্রত্যেকটির একপিঠে ছবিসহ একটি ইংরেজি শব্দ দেয়া আছে এবং উল্টোপিঠে একই শব্দের ছবি ছাড়া লিখিত রূপও দেয়া আছে। তাছাড়া কার্ডের একপিঠে ১ থেকে ৬০ পর্যন্ত সংখ্যা দেয়া আছে যাতে কার্ডগুলো এলোমেলো হয়ে গেলেও শিক্ষিকারা সহজেই সেট থেকে প্রয়োজনীয় কার্ডসমূহ বেছে নিতে পারেন। ৬০টি শব্দ-কার্ডকে আবার ক্রমানুসারে ১০টি ক'রে কার্ড নিয়ে এক একটি সেট তৈরি করে মোট ৬ টি সেট তৈরি করা হয়েছে। শিক্ষিকা প্রথম এক সেট শব্দ-কার্ড দিয়ে শিশুদের কার্ড চেনানোর খেলাটি খেলাবেন এবং সেই সেট শেষ হলে অন্য সেট দিয়ে খেলা পরিচালনা করবেন। পর্যায়ক্রমে সবগুলো সেটের কার্ড ব্যবহার হয়ে গেলে শিশুরা সব ইংরেজী অক্ষর চিনতে শিখে যাবে। নিচে কার্ডগুলোর ধাপে ধাপে ব্যবহার প্রণালী দেয়া হল:

১. প্রথম ধাপ: ছবিসহ শব্দ কার্ড খুজে বের করার খেলা
২. দ্বিতীয় ধাপ: ছবিছাড়া শব্দ কার্ড খজে বের করার খেলা
৩. তৃতীয় ধাপ: ভাঙ্গা কার্ড দিয়ে শব্দ/ছবি তৈরি করার খেলা
৪. চতুর্থ ধাপ: বর্ণ/ভাঙ্গা কার্ড পরিচয়
৫. পঞ্চম ধাপ: ইচ্ছে মতো শব্দ/ছবি তৈরি করার খেলা

*** এখানে একটি ব্যাপার বলে রাখা ভালো, তৃতীয় ও চতুর্থ ধাপ শিক্ষিকা চাইলে এক সাথে করাতে পারেন। এটা নির্ভর করে শিক্ষিকার নিজের পড়ানোর কায়দার উপর। শিক্ষিকা ভাঙ্গা কার্ড দিয়ে ছবি/শব্দ তৈরির পরেই কী কী বর্ণ দিয়ে শব্দটি তৈরি হয়েছে সেটা শিশুদের বলে দিতে পারেন। (তৃতীয় ও চতুর্থ ধাপ সর্ম্পকে পরে আরো বলা আছে)।

**প্রথম ধাপ: ছবিসহ শব্দ কার্ড খুজে বের করার খেলা**

শিক্ষিকা প্রথম সেটের দশটি কার্ড বোর্ডে বসাবেন, যেমন ANT, CAT, BOX, FAN (অ্যান্ট, ক্যাট, বক্স, ফ্যান) ইত্যাদি। এর পর শিক্ষিকা এক একটি ক'রে ছবি দেখিয়ে শিশুদের বলতে বলবেন সেগুলো কিসের ছবি। প্রথমে শিশুরা হয়তো বাংলায় বলবে বিড়াল, পিপড়া, পাখা, ইত্যাদি। তখন

শিক্ষিকা সেগুলোকে ইংরেজিতে কি বলা হয় তা শিশুদের বলে দেবেন। এখানে মনে রাখতে হবে যে, এটি একটি খেলার মতো ব্যবহার করতে হবে আর এই খেলাটির নাম হতে পারে কার্ড চেনা ও বের করার খেলা। কেন্দ্রের সকল শিশু এই খেলায় পারদর্শী হয়ে উঠলে শিক্ষিকা পরবর্তী ধাপে যাবেন।

*** **মনে রাখতে হবে যে এই পর্যায়ে শব্দগুলো বানান করা বা অক্ষর পরিচয়ের কোনো চেষ্টা করা হবে না।**

*** এখানে শিক্ষিকাকে মনে রাখতে হবে যে, **প্রতিটি ধাপের শেষে যে কার্ডগুলো নিয়ে খেলা হলো সেগুলো দিয়ে ব্ল্যাকবোর্ডে শিশুদের লেখার কাজটি করতে হবে।** যাতে শিশুরা পড়তে পারার পাশাপাশি লিখতেও অভ্যস্ত হয়ে ওঠে। শিশুরা প্রথমে নিজের মনে যা-ই আসে সেভাবে লিখবে। পরে প্রয়োজন মত শিক্ষিকা সহজভাবে লেখার পদ্ধতি শিখিয়ে দিতে পারেন।

**দ্বিতীয় ধাপ: ছবিছাড়া শব্দ কার্ড খজে বের করার খেলা**

এবার শিক্ষকা প্রথম ধাপে ব্যবহৃত ছবিযুক্ত কার্ডের পরিবর্তে কার্ডের উল্টোপাশে দেয়া একই শব্দের ছবি ছাড়া কার্ডগুলো পকেটবোর্ডে বসাবেন, যেমন, ANT, CAT, BOX, FAN (অ্যান্ট, ক্যাট, বক্স, ফ্যান) ইত্যাদি। এটিও একটি খেলার মত করে খেলতে হবে। শিক্ষিকা বোর্ডে বসানো কার্ডগুলোর মধ্যে থেকে শিশুদের বলবেন আমাকে একটা CAT (ক্যাট), EGG (এগ), MUG (মাগ), BOX (বক্স) ইত্যাদির কার্ড বের করে দেখাও। শিশুরা আগের ধাপে কার্ডগুলো দেখেছে, তাই প্রথমে একটু অসুবিধে হলেও পরে তারা চিনতে পারবে ও তুলে এনে দেখাবে। তবে যতদিন দরকার হয়, কার্ড উল্টিয়েও দেখানো যাবে। এইভাবে একটার পর একটা শব্দ চেনা এবং বের করা খেলার মাধ্যমে বোর্ডে বসানো কার্ডগুলোর সাথে শিশুদের পরিচয় হলে শিক্ষিকা পরের ধাপে যাবেন।

*****বড় হাতের/ ছোট হাতের অক্ষর বা বর্ণ পরিচয় :**

এখানে একটি বিষয় উল্লেখ করা প্রয়োজন যে, ইংরেজি ছবিছাড়া শব্দ কার্ডগুলোর ওপরের অংশে বড় হাতের ও নীচের অংশে ছোট হাতের, অর্থাৎ উভয় প্রকারের অক্ষর ব্যবহার করা হয়েছে। শিক্ষিকা দ্বিতীয় ধাপে যখন ছবিছাড়া কার্ড খুজে বের করার খেলা করাবেন তখনই শিশুদের বড় হাতের বর্ণ/ছোট হাতের বর্ণ দিয়ে তৈরী শব্দ গুলো দেখাবেন। যেহেতু বড় কার্ডের সাথে ভাঙ্গা কার্ডেও বড় হাতের এবং ছোট হাতের বর্ণ দেওয়া আছে, তাই শিশুদের বিভিন্ন ধাপে শিশুদের বড়/ছোট হাতের বর্ণ দিয়ে শব্দ/ছবি তৈরি, বর্ণ পরিচয় এবং ইচ্ছে মতো শব্দ তৈরির খেলা করাবেন। এখানে উল্লেখ্য, শিক্ষিকারা তাদের সুবিধে

মতো প্রথমে শুধু বড় হাতের বর্ণ/অক্ষর যুক্ত কার্ড দিয়ে ২-৫ নং ধাপ করাতে পারেন, পরে শুধু ছোট হাতের অক্ষর দিয়ে ২-৫ নং ধাপ শেষ করতে পারেন। অথবা বড় হাতের বর্ণ/অক্ষরের পাশাপাশি ছোট হাতের অক্ষর দিয়ে সাথে সাথেই একটা একটা করে ধাপ শেষ করতে পারেন।

**তৃতীয় ধাপঃ ভাঙ্গা কার্ড দিয়ে শব্দ/ছবি তৈরি করার খেলা**

এই ধাপের খেলাটির নাম হবে শব্দ তৈরি করার খেলা। এই পর্যায়ে শিক্ষিকা বোর্ডের নিচের দিকের পকেটে রাখা অক্ষর বা বর্ণের কার্ড থেকে একটা একটা করে অক্ষর দিয়ে শিশুদের ওপরের যে কোন একটি শব্দ তৈরি করতে বলবেন। যেমন, শিশুরা ওপর থেকে প্রথমে ক্যাট লেখা কার্ডটি বের করবে এবং তার পর নিচের পকেট থেকে অক্ষর মিলিয়ে মিলিয়ে C, A, T (সি এ এবং টি) এই তিনটি অক্ষরের ছোট ছোট কার্ড দিয়ে CAT (ক্যাট) শব্দটি তৈরি করবে। শিক্ষিকা শিশুদের বলবেন এটা কীসের শব্দ/ছবি তৈরি হলো। শিশুরা শব্দ/ছবিটির নাম বলবে। এভাবে শিশুরা পকেট বোর্ডে থাকা অন্য শব্দগুলোও তৈরি করার খেলা খেলতে থাকবে। এরপর শিক্ষিকা পরের ধাপে বর্ণ পরিচয় করাবেন।

**চতুর্থ ধাপঃ বর্ণ পরিচয়**

বর্ণ পরিচয়ের জন্য শিক্ষিকা আগের ধাপে যখন শব্দ তৈরি করেছেন তা পরপরই কী কী বর্ণ দিয়ে শব্দটি তৈরি হয়েছে তা বলে শিশুদের বর্ণ পরিচয় করাতে পারেন। আবার তৃতীয় ধাপে আরো কিছু সময় নিয়ে পরের ধাপে শিশুদের বর্ণ পরিচয় করাতে পারেন।

*** (তৃতীয় ও চতুর্থ ধাপকে একসাথে করলে তাতে সুবিধে হলো সাথে সাথে বর্ণ পরিচয়ও হলো কিন্তু তাতে তৃতীয় ধাপের শব্দ তৈরির খেলাটা কিছুটা কম গুরুত্ব পেয়ে শিশুকে তাড়াতাড়ি বর্ণ পরিচয়/পড়ালেখা শেখানো হচ্ছে এমনটা মনে হতে পারে। আর আলাদা রাখলে দুরকমের খেলা বলে শিশুদের বেশি আগ্রহ/আনন্দ হতে পারে আর আলাদা ধাপ বলে শিশুরা বেশি সময় ধরে বর্ণ পরিচয়েরও সময় পায়। শিক্ষিকা তৃতীয় ও চতুর্থ ধাপকে একসাথে না আলাদা করে শেখাবেন সেটা শিক্ষিকা নিজেরা ঠিক করবেন)।

চতুর্থ ধাপে বর্ণ পরিচয়ের জন্য শিক্ষিকা শিশুদের একটা শব্দ তৈরি করতে বলবেন (উদাহরণস্বরূপঃ CAT/ক্যাট) যে অক্ষর/বর্ণ কার্ড দিয়ে শিশু একটি শব্দ তৈরি করলো তাদের নামগুলো শিশুদের বলবেন। যেমন, CAT (ক্যাট) শব্দটি তৈরি হয়েছে C, A, T (সি এ এবং টি) বর্ণ দিয়ে। শিক্ষিকা অনেকক্ষণ ধরে এই ছোট কার্ডগুলো শিশুদের দেখাবেন এবং বলবেন এই অক্ষরের নাম C (সি), এই অক্ষরের নাম A

(এ), এই অক্ষরের নাম T (টি) ইত্যাদি। এইভাবে শিক্ষিকা বোর্ডে দেয়া সবগুলো শব্দ শিশুদের দিয়ে তৈরি করাবেন এবং পরে প্রত্যেকটি বর্ণের নাম শিশুদের মুখে মুখে বলবেন এবং শিশুরাও তা বলবে। এইভাবে শিশুরা শব্দ তৈরি করতে করতে বর্ণের নামও জানবে।

**ক্রমানুসারে A থেকে Z পর্যন্ত বলতে শেখা :**

আর একটি বিষয়ে শিক্ষিকাদের খেয়াল রাখতে হবে, তা হচ্ছে কখন শিশুদের ক্রমানুসারে, অর্থাৎ A থেকে Z পর্যন্ত বলতে শেখানো হবে। আমাদের চিরাচরিত শিক্ষা পদ্ধতিতে শিশুদের শুরুতেই ক্রমানুসারে বলতে শেখানো হয়। কিন্তু তাতে দেখা গেছে শিশুরা অক্ষর চেনার আগে তার নাম মুখস্থ করে ফেলে। কাজলী মডেলে অক্ষর পরিচয়ের পর এই ব্যবস্থা রাখা হয়েছে। শিক্ষিকারা এটা মেনে চললে শীঘ্রি এর সুফল দেখতে পাবেন।

**পঞ্চম ধাপ: ইচ্ছে মতো শব্দ/ছবি তৈরি করার খেলা**

নতুন শব্দ তৈরির খেলা। প্রথম সেট কার্ডগুলো দিয়ে যখন তৃতীয় ও চতুর্থ ধাপ পর্যন্ত খেলা শেষ হয়ে যাবে তখন শিক্ষিকা শব্দ তৈরির এই খেলাটি শুরু করবেন। উদাহরণস্বরূপ; প্রথমে শিক্ষিকা CAT (ক্যাট) শব্দটি শিশুদের তৈরি করতে বললেন। একজন শিশু তা তৈরি করবে। এখানে লক্ষণীয় যে C, A, T (সি, এ, টি) এই তিনটি বর্ণ দিয়ে CAT (ক্যাট) শব্দটি তৈরি হয়েছে। এখন শিক্ষিকা CAT (ক্যাট)-এর প্রথম বর্ণ C (সি) বাদ দিয়ে সেখানে B (বি) বর্ণটি বসিয়ে দিয়ে জিগ্যেস করবেন এটি কি শব্দ হলো? C (সি) এর পরিবর্তে B (বি) বসালে শব্দটি হয় BAT (ব্যাট) । এটি একটি নতুন শব্দ। এইভাবে শিক্ষিকা শিশুদের দিয়ে ইচ্ছে মত নতুন নতুন শব্দ তৈরি করাতে পারবেন। তাছাড়া অক্ষর ওলট-পালট করেও নতুন শব্দ তৈরি করা যায়। এখানে মনে রাখতে হবে যে, এই নতুন শব্দগুলোর কখনো কখনো অর্থ হতে পারে আবার অর্থ নাও থাকতে পারে। শুধু উচ্চারণ শেখার জন্য এইভাবে শেখানো। যেমন, ANT থেকে TAN, NAT; CAT থেকে TAC, ACT (এ্যাক্ট), TAB; BOX থেকে OX, ইত্যাদি; FAN থেকে NAF, RAT থেকে TAR, ART ইত্যাদি। তাছাড়া দু'একটা অক্ষর বদল করে নতুন শব্দও তৈরী করা যায়, যেমন, BAT, HAT, COX, SOX, CAN, MAN, BAN, TAN ইত্যাদি।

**<u>বর্ণ খুঁজে বের করার খেলা:</u>** বর্ণ খুঁজে বের করার খেলার জন্য শিক্ষিকা পকেটবোর্ডে বিভিন্ন সেটের শব্দ কার্ডগুলো যেমন: ANT, FAN, MUG, LAMP ইত্যাদি বসিয়ে দিয়ে শিশুদের সাথে বর্ণ খুঁজে বের করার মজার খেলা খেলতে পারেন। শিক্ষিকা শিশুদের ডেকে বলতে পারেন, বলোতো, এখানে কয়টি A বা M আছে? শিশুরা শব্দ কার্ডগুলো ভালো করে দেখে কয়টি A বা M আছে তা খুঁজে বের করতে পারবে। এ খেলার মাধ্যমে শিশুরা যে বর্ণগুলো চিনতে পারছে তা বোঝা যাবে।

# দ্বিতীয় অধ্যায়

## ইংরেজি ব্যাকরণের সবচেয়ে জরুরী কয়েকটি নিয়ম মেনে কথা বলতে শেখা

## ২.১ ছড়া ও ড্রিলের সাহায্যে বর্তমান কাল-এর ব্যবহার শেখা

### ২.১.১ নিয়ম মাফিক Verb “to be”-এর ব্যবহার শেখা

ইংরেজিতে কথা বলার সময় আমরা am, is, are এ ধরনের কিছু শব্দ ব্যবহার করি। যেমন, I am a student, You are a doctor, He is a boy ইত্যাদি। এ ধরনের শব্দগুলোকে ব্যাকরণের পরিভাষায় Verb “to be” বলে।

ইংরেজি ব্যাকরণের ও নিয়মগুলোর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত Verb “to be” এর ব্যবহার ছড়ার মাধ্যমে শেখা।

**ছড়া ০১** [singular বা একবচন]

| | |
|---|---|
| I am | আই অ্যাম |
| You are | ইউ আর |
| He is | হি ইজ |
| She is | শি ইজ |

[শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো বলবে]

**ছড়া ০২** [plural বা বহুবচন]

| | |
|---|---|
| We are | উই আর |
| They are | দে আর |
| You are | ইউ আর |
| The boys are | দা বয়েজ আর |

[শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো বলবে]

*** singular বা একবচন বলতে এক; ব্যক্তি, বস্তু বা বিষয় বুঝায়। যেমন- আমি, তুমি, সে, করিম, সূর্য, পৃথিবী ইত্যাদি। অন্যদিকে একের অধিক ব্যক্তি, বস্তু বা বিষয় বুঝাতে plural বা বহুবচন ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ: আমরা, তোমরা, তারা, বইগুলো, ছেলেরা ইত্যাদি।

**ছড়া ০৩**

| | |
|---|---|
| This is | দিস ইজ |
| That is | দ্যাট ইজ |
| These are | দিজ আর |
| Those are | দোজ আর |

[ শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো বলবে]

## Verb “to be” দিয়ে বাক্যের ড্রিল

**ড্রিল ০১**

| | |
|---|---|
| **I** am a girl<br>আই অ্যাম এ গার্ল | আমি একজন মেয়ে |
| **You** are a girl<br>ইউ আর এ গার্ল | তুমি একজন মেয়ে |
| **She** is a girl<br>সি ইজ এ গার্ল | সে একজন মেয়ে |
| **Nina** is a girl<br>নীনা ইজ এ গার্ল | নীনা একজন মেয়ে |
| **We** are girls<br>উই আর গার্লস | আমরা মেয়ে |
| **They** are girls<br>দে আর গার্লস্‌ | তারা মেয়ে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ; You, He, She, Nina ইত্যাদি বলবেন এবং শিশুরা তা ব্যবহার করে বাক্যের বাকি অংশ বলবে]

**ড্রিল ০২**

| | |
|---|---|
| **I** am a boy<br>আই অ্যাম এ বয় | আমি একজন ছেলে |
| **You** are a boy<br>ইউ আর এ বয় | তুমি একজন ছেলে |
| **He** is a boy<br>হি ইজ এ বয় | সে একজন ছেলে |
| **Karim** is a boy<br>করিম ইজ এ বয় | করিম একজন ছেলে |
| **We** are boys<br>উই আর বয়েজ | আমরা ছেলে |
| **They** are boys<br>দে আর বয়েজ | তারা ছেলে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ; You, He, She, Nina ইত্যাদি বলবেন এবং শিশুরা তা ব্যবহার করে বাক্যের বাকি অংশ বলবে]

**ড্রিল ০৩**

| | |
|---|---|
| **I** am sumi<br>আই অ্যাম সুমি | আমি সুমি |
| **I** am a girl<br>আই অ্যাম এ গার্ল | আমি একজন মেয়ে |
| **I** am Rahim<br>আই অ্যাম রহিম | আমি রহিম |
| **I** am boy<br>আই অ্যাম বয় | আমি একজন ছেলে |

[শিক্ষিকা অভিনয় করে সবাইকে দিয়ে বলাবেন। তারপর তিনি I বললে সবাই নিজের মত বাক্য শেষ করবে।] সুমি, রহিম-এর জায়গায় শিশুদের নাম দিয়ে ড্রিল শেখাবেন।

**ড্রিল ০৪**

| | |
|---|---|
| **<u>You</u>** are Karim<br>ইউ আর করিম | তুমি করিম |
| **<u>You</u>** are a boy<br>ইউ আর এ বয় | তুমি একজন ছেলে |
| **<u>You</u>** are Sumi<br>ইউ আর সুমি | তুমি সুমি |
| **<u>You</u>** are a girl<br>ইউ আর এ গার্ল | তুমি একজন মেয়ে |

[শিক্ষিকা নিজেই ঠিক করবেন কীভাবে সহজে শিশুদের দিয়ে বাক্যগুলো বলানো যায়। এক্ষেত্রে শিক্ষিকা একজন ছেলে এবং একজন মেয়েকে নিয়ে তাদের দেখিয়ে অভিনয় করে শেখাতে পারেন। সুমি, করিমের জায়গায় শিশুদরে নাম ব্যবহার করে শেকাবেন।]

**ড্রিল০৫**

| | |
|---|---|
| **<u>He</u>** is a boy<br>হি ইজ এ বয় | সে একজন ছেলে |
| **<u>She</u>** is a girl<br>শি ইজ এ গার্ল | সে একজন মেয়ে |
| **<u>Rahim</u>** is a boy<br>রহিম ইজ এ বয় | রহিম একজন ছেলে |
| **<u>Sumi</u>** is a girl<br>সুমি ইজ এ গার্ল | সুমি একজন মেয়ে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন। রহিম, সুমি-এর জায়গায় শিশুদের নাম ব্যবহার করবেন।]

**ড্রিল ০৬**

| | |
|---|---|
| **<u>We</u>** are girls<br>উই আর গার্লস | আমরা মেয়ে |
| **<u>They</u>** are boys<br>দে আর বয়েস | তারা ছেলে |
| **<u>They</u>** are girls<br>দে আর গার্লস | তারা মেয়ে |
| **<u>We</u>** are boys<br>উই আর বয়েজ | আমরা ছেলে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন।]

**ড্রিল ০৭**

| | |
|---|---|
| **<u>You</u>** are girls<br>ইউ আর গার্লস | তোমরা মেয়ে |
| **<u>You</u>** are boys<br>ইউ আর বয়েস | তোমরা ছেলে |
| **<u>Rina</u> and <u>Sumi</u>** are girls<br>রিনা এন্ড সুমি আর গার্লস | রিনা ও সুমি মেয়ে |
| **<u>Rahim</u> and <u>Rana</u>** are boys<br>রহিম এন্ড রানা আর বয়েজ | রহিম ও রানা ছেলে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন।]

**ড্রিল ০৮**

| | |
|---|---|
| **<u>I</u>** am a good boy.<br>আই অ্যাম এ গুড বয়। | আমি একজন ভালো ছেলে। |
| **<u>You</u>** are a good boy.<br>ইউ আর এ গুড বয়। | তুমি একজন ভালো ছেলে। |
| **<u>He</u>** is a good boy.<br>হি ইজ এ গুড বয়। | সে একজন ভালো ছেলে। |
| **<u>Karim</u>** is a good boy.<br>করিম ইজ এ গুড বয়। | করিম একজন ভালো ছেলে। |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন। এ ড্রিলে বিশেষণ-এর ব্যবহার করা হয়েছে। কারো সম্পর্কে কিছু বলতে চাওয়া বা কোনোকিছু কেমন, তার অবস্থা বুঝাতে বিশেষণ জাতীয় শব্দ ব্যবহার করা হয়। শিক্ষিকা good/ভালো-এর স্থলে অন্য কোনো বিশেষণ যেমন tall/লম্বা, short/খাটো, fat/মোটা, thin/চিকন ইত্যাদি ব্যবহার করতে পারেন।]

Composition

I am Sumi. I am a girl. I am five years old. Rahim is a boy. He is also five years old. We are good friends.

### ২.১.২ ইংরেজী Verb "to have" এর ব্যবহার শেখা

আমরা কথা বলার সময় আমাদের কোনো কিছু (বস্তু) আছে বোঝাতে এই verb ব্যবহার করি। যেমন- আমার বই, খাতা, জামা ইত্যাদি আছে বোঝাতে ইংরেজিতে কর্তাভেদে have/has ব্যবহার হয়। ছড়ার মাধ্যমে have/has বা আমার আছে/তোমার আছে ইত্যাদি বলতে শেখা।

**ছড়া ০১** [singular বা একবচন]

| | |
|---|---|
| I have<br>আই হ্যাভ | আমার আছে |
| You have<br>ইউ হ্যাভ | তোমার আছে |
| He has<br>হি হ্যাজ | তার আছে (ছেলে) |
| She has (মেয়ে)<br>শি হ্যাজ | তার আছে |

[ শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো বলবে]

**ছড়া ০২** [plural বা বহুবচন]

| | |
|---|---|
| We have<br>উই হ্যাভ | আমাদের আছে |
| You have<br>ইউ হ্যাভ | তোমাদের আছে |
| They have<br>দে হ্যাভ | তাদের আছে |
| The girls have<br>দা গার্লস হ্যাভ | মেয়েদের আছে |

[ শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো বলবে]

## Have/Has দিয়ে বাক্য তৈরী করার ড্রিল

### ড্রিল ০১

| | |
|---|---|
| **<u>I</u>** have a book<br>আই হ্যাভ এ বুক | আমার একটি বই আছে |
| **<u>You</u>** have a book<br>ইউ হ্যাভ এ বুক | তোমার একটি বই আছে |
| **<u>They</u>** have a book<br>দে হ্যাভ এ বুক | তাদের একটি বই আছে |
| **<u>We</u>** have a book<br>উই হ্যাভ এ বুক | আমাদের একটি বই আছে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন।]

### ড্রিল ০২

| | |
|---|---|
| **<u>She</u>** has a book<br>শি হ্যাজ এ বুক | তার একটি বই আছে |
| **<u>He</u>** has a book<br>হি হ্যাজ এ বুক | তার একটি বই আছে |
| **<u>Nina</u>** has a book<br>নীনা হ্যাজ এ বুক | নীনা’র একটি বই আছে |
| **<u>Karim</u>** has a book<br>করিম হ্যাজ এ বুক | করিমের একটি বই আছে |
| **<u>The girls</u>** have a book<br>দি গার্লস হ্যাভ এ বুক | মেয়েদের একটি বই আছে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ বলবেন, শিশুরা বাক্যের বাকি অংশ বলবে, শিশুরা যাতে সঠিক উত্তর দেয় শিক্ষিকা সেদিকে খেয়াল রাখবেন।]

এ অধ্যায় শেষে শিশুরা যেন অধ্যায়টি ব্যবহার করে নিজেরাই কিছু বলতে পারে তার একটি নমুনা নিচে দেওয়া হয়েছে।

**Composition**

I am Sumi. I have a new book. Rahim also has a new book. We both are happy with our new books.

### ২.১.৩ My/Your/His/Her-এর ব্যবহার শেখা

*** কারো কোন কিছু বোঝাতে এগুলো ব্যবহৃত হয়। যেমন, আমার বই/তোমার বই/তার বই/আমাদের বই/তাদের বই ইত্যাদি। ইংরেজিতে My/Your/ His/Her/Our/Their প্রভৃতি শব্দ ব্যবহৃত হয়।

**ছড়ার মাধ্যমে My, Your, His, Her, Their আমার /তোমার/তার/তাদের ইত্যাদি বলতে শেখা**

**ছড়া ০১** [singular বা একবচন]

| | |
|---|---|
| My book<br>মাই বুক | আমার বই |
| Your book<br>ইওর বুক | তোমার বই |
| His book<br>হিজ বুক | তার বই (ছেলে) |
| Her book<br>হার বুক | তার বই (মেয়ে) |

[শিশুরা ছড়ার মতো বলবে, শিক্ষিকা বুক/বই এর জায়গায় অন্য বিষয় যেমন, পেন/কলম, শার্ট/জামা এসব বলেও ছড়া শেখাতে পারেন]

**ছড়া -০২** [plural বা বহুবচন]

| | |
|---|---|
| Our book<br>আওয়ার বুক | আমাদের বই |
| Your book<br>ইওর বুক | তোমাদের বই |
| Their book<br>দেয়ার বুক | তাদের বই |
| Karim’s book<br>করিম’স বুক | করিমের বই |
| Nina’s book<br>নিনা’স বুক | নিনার বই |

[শিশুরা ছড়ার মতো বলবে, শিক্ষিকা বুক/বই এর জায়গায় অন্য বিষয় যেমন, পেন/কলম, শার্ট/জামা এসব বলেও ছড়া শেখাতে পারে]

## My, Your /আমার, তোমার ইত্যাদি দিয়ে বাক্য তৈরী করা

**ড্রিল ০১**

| | |
|---|---|
| This is **my** book<br>দিস ইজ মাই বুক | এটা আমার বই |
| This is **your** book<br>দিস ইজ ইওর বুক | এটা তোমার বই |
| This is **his** book<br>দিস ইজ হিজ বুক | এটা তার বই (ছেলে) |
| This is **her** book<br>দিস ইজ হার বুক | এটা তার বই (মেয়ে) |
| This is **Karim's** book<br>দিস ইজ করিম'স বুক | এটা করিমের বই |
| This is **Sumi's** book.<br>দিস ইজ সুমি'স বুক | এটা সুমির বই |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, Karim's, sumi's ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।]

**ড্রিল ০২**

| | |
|---|---|
| That is **my** book<br>(দ্যাট ইজ মাই বুক) | ওটা আমার বই |
| That is **your** book<br>(দ্যাট ইজ ইওর বুক) | ওটা তোমার বই |
| That is **his** book<br>(দ্যাট ইজ হিজ বুক) | ওটা তার বই |
| That is **her** book<br>(দ্যাট ইজ হার বুক ) | ওটা তার বই |
| That is **Karim's** book<br>দ্যাট ইজ করিম'স বুক | ওটা করিমের বই |
| That is **Rahima's** book<br>দ্যাট ইজ রহিমা'স বুক | ওটা রহিমের বই |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, Karim's, Rahima's ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।]

**ড্রিল ০৩**

| | |
|---|---|
| These are **my** books (দিজ  আর মাই বুকস্) | এগুলো আমার বই |
| These are **your** books (দিজ আর ইওর বুকস্) | এগুলো তোমার বই |
| These are **his** books (দিজ আর হিজ বুকস্) | এগুলো তার বই |
| These are **her** books (দিজ আর হার বুকস্) | এগুলো তার বই |
| These are **our** books (দিজ আর আওয়ার বুকস) | এগুলো আমাদের বই |
| These are **their** books (দিজ আর দেয়ার বুকস্) | এগুলো তাদের বই |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।]

**ড্রিল০৪**

| | |
|---|---|
| Those are **my** books (দোজ  আর মাই বুকস্) | ওগুলো আমার বই |
| Those are **your** books (দোজ আর ইওর বুকস্) | ওগুলো তোমার বই |
| Those are **his** books (দোজ আর হিজ বুকস্) | ওগুলো তার বই |
| Those are **her** books (দোজ আর হার বুকস্) | ওগুলো তার বই |
| Those are **our** books (দোজ আর আওয়ার বুকস) | ওগুলো আমাদের বই |
| Those are **their** books (দোজ আর দেয়ার বুকস্) | ওগুলো তাদের বই |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, our, their ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।*একেক জন শিশু দাঁড়িয়ে সব শিশুদের সামনে অভিনয় করে আঙ্গুল দেখিয়ে বলবে]

**ড্রিল ০৫**

| | |
|---|---|
| I am **his** friend* (আই অ্যাম হিজ ফ্রেন্ড্) | আমি তার বন্ধু |
| I am **her** friend (আই অ্যাম হার ফ্রেন্ড) | আমি তার বন্ধু |
| I am **their** friend (আই অ্যাম দেয়ার ফ্রেন্ড্স) | আমি তাদের বন্ধু |
| I am **your** friend আই অ্যাম ইওর ফ্রেন্ডস | আমি তোমার বন্ধু |
| You are **his** friend. (ইউ আর হিজ ফ্রেন্ড) | তুমি তার বন্ধু |
| You are **her** friend (ইউ আর হার ফ্রেন্ড) | তুমি তার বন্ধু |
| You are **their** friend ইউ আর দেয়ার ফ্রেন্ড | তুমি তাদের বন্ধু |
| *He/She is **his** friend (হি/শি ইজ হিজ ফ্রেন্ড) | সে তার বন্ধু |
| He/She is **her** friend (হি/শি ইজ হার ফ্রেন্ড) | সে তার বন্ধু |
| He/She is **their** friend (হি/শি ইজ দেয়ার ফ্রেন্ড) | সে তাদের বন্ধু |
| He/She is **your** friend হি/শি ইজ ইওর ফ্রেন্ড | |

শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, our, their ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।*একেক জন শিশু দাঁড়িয়ে সব শিশুদের সামনে অভিনয় করে আঙ্গুল দেখিয়ে বলবে]

**ড্রিল ০৬**

| | |
|---|---|
| We are **his** friends উই আর হিজ ফ্রেন্ডস্ | আমরা তার বন্ধু |
| We are **her** friends উই আর হার ফ্রেন্ডস্ | আমরা তার বন্ধু |
| We are **their** friends উই আর দেয়ার ফ্রেন্ডস্ | আমরা তাদের বন্ধু |
| We are **your** friends উই আর ইওর ফ্রেন্ডস্ | আমরা তোমাদের বন্ধু |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, our, their ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।*একেক জন শিশু দাঁড়িয়ে সব শিশুদের সামনে অভিনয় করে আঙ্গুল দেখিয়ে বলবে]

**ড্রিল ০৭**

| | |
|---|---|
| They are **his** friends<br>দে আর হিজ ফ্রেন্ডস | তারা তার বন্ধু |
| They are **her** friends<br>দে আর হার ফ্রেন্ডস্ | তারা তার বন্ধু |
| They are **your** friends<br>দে আর ইওর ফ্রেন্ডস্ | তাহারা তোমার বন্ধু |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, our, their ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।*একেক জন শিশু দাঁড়িয়ে সব শিশুদের সামনে অভিনয় করে আঙ্গুল দেখিয়ে বলবে]

**ড্রিল ০৮**

| | |
|---|---|
| I have **my** book.<br>আই হ্যাভ মাই বুক। | আমার কাছে আমার বই আছে। |
| You have **your** book.<br>ইউ হ্যাভ ইওর বুক। | তোমার কাছে তোমার বই আছে। |
| He has **his** book.<br>হি হ্যাজ হিজ বুক। | তার কাছে তার বই আছে। |
| She has **her** book.<br>শি হ্যাজ হার বুক। | তার কাছে তার বই আছে। |
| Karim has **Karim's/his** book.<br>করিম হ্যাজ করিম'স/হিজ বুক। | করিমের কাছে করিমের বই আছে। |
| We have **our** books.<br>উই হ্যাভ আয়োরস্ বুকস। | আমাদের কাছে আমাদের বই আছে। |
| They have **their** books.<br>দে হ্যাভ দেয়ার বুকস। | তাদের কাছে তাদের বই আছে। |

[শিক্ষিকা সবগুলো বাক্য অভিনয় করে দেখিয়ে শিশুদের দিয়ে বলাবেন। এরপর শিক্ষিকা শুধু my, your, his, her, our, their ইত্যাদি শব্দ বলবেন আর শিশুরা সেগুলো দিয়ে বাক্য শেষ করবে।]

**ড্রিল ০৯**

| | |
|---|---|
| **My** name is ...<br>মাই নেম ইজ | আমার নাম ---- |
| **Your** name is …<br>ইওর নেম | তোমার নাম ----- |
| **His** name is …<br>হিজ নেম ইজ । | তার নাম ---- |
| **Her** name is …<br>হার নেম ইজ | তার নাম ---- |
| **My brother's** name is …<br>মাই ব্রাদারস্ নেম ইজ | আমার ভাইয়ের নাম ---- |
| **My sister's** name is …<br>মাই সিসটারস্ নেম ইজ | আমার বোনের নাম---- |
| **My father's** name is …<br>মাই ফাদারস্ নেম | আমার বাবার নাম ----- |
| **My mother's** name is …<br>মাই মাদারস্ নেম ইজ | আমার মায়ের নাম ---- |

[শিক্ষিকা my, your, his, her ইত্যাদি বলে বাক্য শুর করবেন আর শিশুরা শেষ করবে।]

Composition:

My name is Sumi. I have a friend. Her name is Rahima. She is a very good girl. We are good friends.

## ২.১.৪ Action verbs-এর ব্যবহার শেখা

Action Verbs বা অ্যাকশন ভার্বস্‌: বাংলায় কোনো কিছু করা বা কাজ করাকে ক্রিয়া বলে। যেমন: খাওয়া, যাওয়া, কাজ করা, ঘুমানো, পড়ালেখা করা ইত্যাদি। ইংরেজিতে এ ধরনের শব্দগুলোকে বলে Action Verbs বা অ্যাকশন ভার্বস্‌।

**ছড়ার মাধ্যমে ইংরেজিতে Action Verbs অথবা বাংলায় ক্রিয়াপদ দিয়ে কোন কিছু করা বোঝায় তা বলতে শেখা**

**ছড়া- ০১**

| | |
|---|---|
| I play আমি খেলি<br>আই প্লে | We play আমরা খেলি<br>উই প্লে |
| You play তুমি খেল<br>ইউ প্লে | They play তারা খেলে<br>দে প্লে |
| He plays সে খেলে (ছেলে)<br>হি প্লেইজ | Boys play ছেলেরা খেলে<br>বয়েস প্লে |
| She plays সে খেলে (মেয়ে)<br>শি প্লেইজ | Girls play মেয়েরা খেলে<br>গার্লস প্লে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে। শিশুদের বোঝাতে হবে যে, তৃতীয় একজন ব্যক্তি/বস্তু/বিষয়-এর সাথে 'এস' যুক্ত হয়।]

[Play এর জায়গায় eat, go, like, sleep, live ইত্যাদি ব্যবহার করতে পারেন। শিশুরা যেন বুঝতে পারে একটি ক্রিয়ার জায়গায় অন্য আরেকটা ক্রিয়া দিলে এ রকম করে পাল্টায় ]

**ছড়া ০২**

| | |
|---|---|
| I eat আমি খাই<br>আই ইট | We eat আমরা খাই<br>উই ইট |
| You eat তুমি খাও<br>ইউ ইট | They eat তারা খায়<br>দে ইট |
| He eats সে খায়<br>হি ইটস্‌ | Boys eat ছেলেরা খায়<br>বয়েজ ইট |
| She eats সে খায়<br>শি ইটস্‌ | Girls eat মেয়েরা খায়<br>গার্লস ইট |

শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৩**

| | | | |
|---|---|---|---|
| I like<br>আই লাইক | আমি পছন্দ করি | We like<br>উই লাইক | আমরা পছন্দ করি |
| You like<br>ইউ লাইক | তুমি পছন্দ করো | They like<br>দে লাইক | তারা পছন্দ করে |
| He likes<br>হি লাইকস্ | সে পছন্দ করে | Boys like<br>বয়েজ লাইক | ছেলেরা পছন্দ করে |
| She likes<br>শি লাইকস্ | সে পছন্দ করে | Girls like<br>গার্লস লাইক | মেয়েরা পছন্দ করে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৪**

| | | | |
|---|---|---|---|
| I go<br>আই গো | আমি যাই | We go<br>উই গো | আমরা যাই |
| You go<br>ইউ গো | তুমি যাও | They go<br>দে গো | তারা যায় |
| He goes<br>হি গোজ | সে যায় | Boys go<br>বয়েজ গো | ছেলেরা যায় |
| She goes<br>শি গোজ | সে যায় | Girls go<br>গার্লস গো | মেয়েরা যায় |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৫**

| | | | |
|---|---|---|---|
| I live<br>আই লিভ | আমি বাস করি | We live<br>উই লিভ | আমরা বাস করি |
| You live<br>ইউ লিভ | তুমি বাস করো | They live<br>দে লিভ | তারা বাস করে |
| He lives<br>হি লিভস্ | সে বাস করে | Boys live<br>বয়েজ লিভ | ছেলেরা বাস করে |
| She lives<br>শি লিভস্ | সে বাস করে | Girls live<br>গার্লস লিভ | মেয়েরা বাস করে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৬**

| | | | |
|---|---|---|---|
| <u>I</u> sleep<br>আই স্লিপ | আমি ঘুমাই | <u>We</u> sleep<br>উই স্লিপ | আমরা ঘুমাই |
| <u>You</u> sleep<br>ইউ স্লিপ | তুমি ঘুমাও | <u>They</u> sleep<br>দে স্লিপ | তারা ঘুমায় |
| <u>He</u> sleeps<br>হি স্লিপস্ | সে ঘুমায় | <u>Boys</u> sleep<br>বয়েজ স্লিপ | ছেলেরা ঘুমায় |
| <u>She</u> sleeps<br>শি স্লিপস্ | সে ঘুমায় | <u>Girls</u> sleep<br>গার্লস স্লিপ | মেয়েরা ঘুমায় |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**Action Verb** **বা ক্রিয়া দিয়ে বাক্য তৈরি করা**

**ড্রিল ০১**

| | |
|---|---|
| **I** play football<br>আই প্লে ফুটবল | আমি ফুটবল খেলি |
| **You** play football<br>ইউ প্লে ফুটবল | তুমি ফুটবল খেলো |
| **We** play football<br>উই প্লে ফুটবল | আমরা ফুটবল খেলি |
| **They** play football<br>দে প্লে ফুটবল | তারা ফুটবল খেলে |
| **The boys** play football<br>দা বয়েস প্লে ফুটবল | ছেলেরা ফুটবল খেলে |
| The girls play football<br>দা গার্লস প্লে ফুটবল | মেয়েরা ফুটবল খেলে |

[শিক্ষিকা প্রথমে সবগুলো বাক্য শিশুদের অভিনয় করে দেখিয়ে বলাবেন। এভাবে কয়েকবার চর্চা করাবেন। এরপর শিক্ষিকা দাগ দেওয়া বা মোটা কালিতে লেখা শব্দ; I, You, We, They, He, She ইত্যাদি বলবেন এবং শিশুরা তা ব্যবহার করে বাক্যের বাকি অংশ বলবে]

**ড্রিল ০২**

| | |
|---|---|
| **He** plays football<br>হি প্লেইজ ফুটবল | সে ফুটবল খেলে |
| **She** plays football<br>শি প্লেইজ ফুটবল | সে ফুটবল খেলে |
| **Karim** plays football<br>করিম প্লেইজ ফুটবল | করিম ফুটবল খেলে |
| **Rahim** plays football<br>রহিম প্লেইজ ফুটবল | রহিম ফুটবল খেলে |

**ড্রিল ০৩**

| | |
|---|---|
| **I** eat mango<br>আই ইট ম্যাংগো | আমি আম খাই |
| **You** eat mango<br>ইউ ইট ম্যাংগো | তুমি আম খাও |
| **We** eat mango<br>উই ইট ম্যাংগো | আমরা আম খাই |
| **They** eat mango<br>দে ইট ম্যাংগো | তারা আম খায় |

**ড্রিল ০৪**

**He** eats mango সে আম খায়
হি ইটস্ ম্যাংগো
**She** eats mango সে আম খায়
শি ইটস্ ম্যাংগো
**Karim** eats mango করিম আম খায়
করিম ইটস ম্যাংগা
**Rahim** eats mango রহিম আম খায়
রহিম ইটস ম্যাংগা

**ড্রিল ০৫**

**I** like mango আমি আম পন্ছদ করি
আই লাইক ম্যাংগো
**You** like mango তুমি আম পছন্দ করো
ইউ লাইক ম্যাংগো
**We** like mango আমরা আম পছন্দ করি
উই লাইক ম্যাংগো
**They** like mango তারা আম পছন্দ করে
দে লাইক ম্যাংগো

[ঐ]

**ড্রিল ০৬**

**He** likes mango সে আম পছন্দ করে
হি ইটস্ ম্যাংগো
**She** likes mango সে আম পছন্দ করে
শি ইটস্ ম্যাংগো
**Karim** likes mango করিম আম পছন্দ করে
করিম লাইকস্ ম্যাংগো
**Rahim** likes mango রহিম আম পছন্দ করে
রহিম লাইকস্ ম্যাংগা

[ঐ]

**ড্রিল ০৭**

**I** go to school আমি স্কুলে যাই
আই গো টু স্কুল
**You** go to school তুমি স্কুলে যাও
ইউ গো টু স্কুল
**We** go to school আমরা স্কুলে যাই
উই গো টু স্কুল
**They** go to school তারা স্কুলে যায়
দে গো টু স্কুল

**ড্রিল ০৮**

| | |
|---|---|
| **<u>He</u>** goes to school | সে স্কুলে যায় |
| হি গোজ টু স্কুল | |
| **<u>She</u>** goes to school | সে স্কুলে যায় |
| শি গোজ টু স্কুল | |
| **<u>Karim</u>** goes to school | করিম স্কুলে যায় |
| করিম গোজ টু স্কুল | |
| **<u>Nina</u>** goes to school | নীনা স্কুলে যায় |
| নীনা গোজ টু স্কুল | |

**ড্রিল ০৯**

| | |
|---|---|
| **<u>I</u>** live in Dhaka | আমি ঢাকায় থাকি |
| আই লিভ ইন ঢাকা | |
| **<u>You</u>** live in Dhaka | তুমি ঢাকায় থাকো |
| ইউ লিভ ইন ঢাকা | |
| **<u>We</u>** live in Dhaka | আমরা ঢাকায় থাকি |
| উই লিভ ইন ঢাকা | |
| **<u>They</u>** live in Dhaka | তারা ঢাকায় থাকে |
| দে লিভ ইন ঢাকা | |

[ঐ]

**ড্রিল ১০**

| | |
|---|---|
| **<u>He</u>** lives in Dhaka | সে ঢাকায় থাকে |
| হি লিভস্ ইন ঢাকা | |
| **<u>She</u>** lives in Dhaka | সে ঢাকায় থাকে |
| শি লিভস্ ইন ঢাকা | |
| **<u>Karim</u>** lives in Dhaka | করিম ঢাকায় থাকে |
| করিম লিভস্ ইন ঢাকা | |
| **<u>Rani</u>** lives in Dhaka | রাণী ঢাকায় থাকে |
| রাণী লিভস্ ইন ঢাকা | |

[ঐ]

**ড্রিল ১১**

**I** sleep at night আমি রাতে ঘুমাই
আই স্লিপ অ্যাট নাইট

**You** sleep at night তুমি রাতে ঘুমাও
ইউ স্লিপ অ্যাট নাইট

**We** sleep at night আমরা রাতে ঘুমাই
উই স্লিপ অ্যাট নাইট

**They** sleep at night তারা রাতে ঘুমায়
দে স্লিপ অ্যাট নাইট

[ঐ]

**ড্রিল ১২**

**He** sleeps at night সে রাতে ঘুমায়
হি স্লিপস্ অ্যাট নাইট

**She** sleeps at night সে রাতে ঘুমায়
শি স্লিপস্ অ্যাট নাইট

**Karim** sleeps at night করিম রাতে ঘুমায়
করিম স্লিপস্ অ্যাট নাইট

**Rani** sleeps at night রাণী রাতে ঘুমায়
রাণী স্লিপস্ অ্যাট নাইট

[ঐ]

**Composition**

I am Sumi. I am five years old. I live in a small village. The name of my village is Shabujpara. I like to play football. I play with my friends. My friend Rahima also likes football. We play in our field. We have a good football team. I like to eat fruits. Mango is my favourite fruit. I go to sleep at 8 pm.

## ২.১.৫ বর্তমান কালের চলমান রূপের ব্যবহার শেখা

**ছড়া ০১**

| | |
|---|---|
| I am playing. আমি খেলছি<br>আই অ্যাম প্লেইং<br>You are playing. তুমি খেলছো<br>ইউ আর প্লেইং<br>He is playing. সে খেলছে<br>হি ইজ প্লেইং<br>She is playing. সে খেলছে<br>শি ইজ প্লেইং | We are playing. আমরা খেলছি<br>উই আর প্লেইং<br>You are playing. তোমরা খেলছো<br>ইউ আর প্লেইং<br>They are playing. তারা খেলছে<br>দে আর প্লেইং<br>The boys are playing. ছেলেরা খেলছে<br>দা বয়েজ আর প্লেইং |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০২**

| | |
|---|---|
| I am eating. আমি খাচ্ছি<br>আই অ্যাম ইটিং<br>You are eating. তুমি খাচ্ছো<br>ইউ আর ইটিং<br>He is eating. তুমি সে খাচ্ছে<br>হি ইজ ইটিং<br>She is eating. সে খাচ্ছে<br>শি ইজ ইটিং | We are eating. আমরা খাচ্ছি<br>উই আর ইটিং<br>You are eating. তোমরা খাচ্ছো<br>ইউ আর ইটিং<br>They are eating. তারা খাচ্ছে<br>দে আর ইটিং<br>The boys are eating. ছেলেরা খাচ্ছে<br>দা বয়েজ আর ইটিং |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৩**

| | |
|---|---|
| I am going. আমি যাচ্ছি<br>আই অ্যাম গোইং<br>You are going. তুমি যাচ্ছো<br>ইউ আর গোইং<br>He is going. সে যাচ্ছে<br>হি ইজ গোইং<br>She is going. সে যাচ্ছে<br>শি ইজ গোইং | We are going. আমরা যাচ্ছি<br>উই আর গোইং<br>You are going. তোমরা যাচ্ছো<br>ইউ আর গোইং<br>They are going. তারা যাচ্ছে<br>দে আর গোইং<br>The girls are going. মেয়েরা যাচ্ছে<br>দা গার্লস আর গোইং |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

**ছড়া ০৪**

| | |
|---|---|
| I am sleeping. আমি ঘুমাচ্ছি<br>আই অ্যাম স্লিপিং | We are sleeping. আমরা ঘুমাচ্ছি<br>উই আর স্লিপিং |
| You are sleeping. তুমি ঘুমাচ্ছো<br>ইউ আর স্লিপিং | You are sleeping. তোমরা ঘুমাচ্ছো<br>ইউ আর স্লিপিং |
| He is sleeping. সে ঘুমাচ্ছে<br>হি ইজ স্লিপিং | They are sleeping. তারা ঘুমাচ্ছে<br>দে আর স্লিপিং |
| She is sleeping. সে ঘুমাচ্ছে<br>শি ইজ স্লিপিং | The girls are sleeping. মেয়েরা ঘুমাচ্ছে<br>দা গার্লস আর স্লিপিং |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার কাছে শুনে শুনে শিশুরা ছড়ার মতো করে শিখবে।]

## ড্রিলের সাহায্যে চলমান বর্তমান কাল শেখা

### ড্রিল ১

| | |
|---|---|
| I am playing football.<br>আই অ্যাম প্লেইং ফুটবল | আমি ফুটবল খেলছি |
| You are playing football.<br>ইউ আর প্লেইং ফুটবল | তুমি ফুটবল খেলছো |
| He is playing football.<br>হি ইজ প্লেইং ফুটবল | সে ফুটবল খেলছে |
| She is playing football.<br>শি ইজ প্লেইং ফুটবল | সে ফুটবল খেলছে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার ফুটবলের জায়গায় অন্য কোনো খেলার নামও ব্যবহার করতে পারেন।]

### ড্রিল ২

| | |
|---|---|
| We are playing football.<br>উই আর প্লেইং ফুটবল | আমরা ফুটবল খেলছি |
| You are playing football.<br>ইউ আর প্লেইং ফুটবল | তুমি ফুটবল খেলছে |
| They are playing football.<br>দে আর প্লেইং ফুটবল | তারা ফুটবল খেলছে |
| The boys are playing football.<br>দা বয়েজ আর প্লেইং ফুটবল | ছেলেরা ফুটবল খেলছে |

### ড্রিল ৩

| | |
|---|---|
| I am eating a mango.<br>আই অ্যাম ইটিং আ ম্যাংগো | আমি একটি আম খাচ্ছি |
| You are eating a mango.<br>ইউ আর ইটিং আ ম্যাংগো | তুমি একটি আম খাচ্ছো |
| He is eating a mango.<br>হি ইজ ইটিং আ ম্যাংগো | সে একটি আম খাচ্ছে |
| She is eating a mango.<br>শি ইজ ইটিং আ ম্যাংগো | সে একটি আম খাচ্ছে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকার ম্যাংগো/আম -এর জায়গায় অন্য কোনো ফল/খাবারের নামও ব্যবহার করতে পারেন।]

**ড্রিল ৪**

| | |
|---|---|
| We are eating a mango.<br>উই আর ইটিং আ ম্যাংগো | আমরা একটি আম খাচ্ছি |
| You are eating a mango.<br>ইউ আর ইটিং আ ম্যাংগো | তোমরা একটি আম খাচ্ছো |
| They are eating a mango.<br>দে আর ইটিং আ ম্যাংগো | তারা একটি আম খাচ্ছে |
| The boys are eating a mango.<br>দা বয়েজ আর ইটিং আ ম্যাংগো | ছেলেরা একটি আম খাচ্ছে |

**ড্রিল ৫**

| | |
|---|---|
| I am going to school.<br>আই অ্যাম গোইং টু স্কুল | আমি স্কুলে যাচ্ছি |
| You are going to school.<br>ইউ আর গোইং টু স্কুল | তুমি স্কুলে যাচ্ছো |
| He is going to school.<br>হি ইজ গোইং টু স্কুল | সে স্কুলে যাচ্ছে |
| She is going to school.<br>শি ইজ গোইং টু স্কুল | সে স্কুলে যাচ্ছে |

[শিক্ষিকা অভিনয় করে আঙ্গুল দিয়ে দেখিয়ে শিশুদের শেখাবেন। শিক্ষিকা স্কুল-এর জায়গায় অন্য কোনো স্থানের, যেমন-বাড়ি, বাজার, হাসপাতাল ইত্যাদির নামও ব্যবহার করতে পারেন।]

**ড্রিল ৬**

| | |
|---|---|
| We are going to school.<br>উই আর গোইং টু স্কুল | আমরা স্কুলে যাচ্ছি |
| You are going to school.<br>ইউ আর গোইং টু স্কুল | তোমরা স্কুলে যাচ্ছো |
| They are going to school.<br>দে আর গোইং টু স্কুল | তারা স্কুলে যাচ্ছে |
| The boys are going to school.<br>দা বয়েজ আর গোইং টু স্কুল | ছেলেরা স্কুলে যাচ্ছে |

**ড্রিল ৭**

| | |
|---|---|
| I am sleeping on bed.<br>আই অ্যাম স্লিপিং অন বেড | আমি বিছানায় ঘুমাচ্ছি |
| You are sleeping on bed.<br>ইউ আর স্লিপিং অন বেড | তুমি বিছানায় ঘুমাচ্ছো |
| He is sleeping on bed.<br>হি ইজ স্লিপিং অন বেড | সে বিছানায় ঘুমাচ্ছে |
| She is sleeping on bed.<br>শি ইজ স্লিপিং অন বেড | সে বিছানায় ঘুমাচ্ছে |

**ড্রিল ৮**

| | |
|---|---|
| We are sleeping on bed.<br>উই আর স্লিপিং অন বেড | আমরা বিছানায় ঘুমাচ্ছি |
| You are sleeping on bed.<br>ইউ আর স্লিপিং অন বেড | তোমরা বিছানায় ঘুমাচ্ছো |
| They are sleeping on bed.<br>দে আর স্লিপিং অন বেড | তারা বিছানায় ঘুমাচ্ছে |
| The boys are sleeping on bed.<br>দা বয়েজ আর স্লিপিং অন বেড | ছেলেরা বিছানায় ঘুমাচ্ছে |

**Composition**

I am Rahim. I am playing football with my friends. My brother is playing cricket with his friends but my sister is sleeping.

*** Action Verb এর অতীত ও ভবিষ্যত কালের ব্যবহার  দ্বিতীয় খন্ডে সংযোজন করা হয়েছে।

## Instructive/Imperative sentences
## নির্দেশমূলক/আদেশ-অনুরোধমূলক বাক্য

Please take your seat — দয়া করে, তোমার/আপনার সিটে-জায়গায় বসো/বসেন
প্লিজ, টেক ইওর সিট
Please stand up — দয়া করে, দাড়াও
প্লিজ, স্ট্যাড আপ
Pleas, open the door — দয়া করে, দরজাটা খেলো
প্লিজ, ওপেন দা ডোর
Please shut the window — দয়া করে, জানালাটা বন্ধ করো
প্লিজ, সাট দা উইনডো
Please sit down — দয়া করে, বসো
প্লিজ, সিট ডাউন
Please come here — দয়া করে, এখানে আসো
প্লিজ, কাম হেয়ার
Please go there — দয়া করে, ওখানে যাও
প্লিজ, গো দেয়ার
Please listen to me — দয়া করে, আমার কথা শোনো
প্লিজ, লিসেন টু মি
Kindly help me — দয়া করে, আমাকে সাহায্য করো
কাইন্ডলি হেল্প মি
Give me a book please — দয়া করে, আমাকে বইটা দাও
গিভ মি আ বুক প্লিজ
Give me a kilo of rice please — দয়া করে, আমাকে এক কেজি চাল দাও
গিভ মি আ কিলো অফ রাইস প্লিজ
Give me a pen please — দয়া করে, আমাকে একটা কলম দাও
গিভ মি আ পেন প্লিজ
Please do not sit here — দয়া করে, এখানে বসো না
প্লিজ ডু নট সিট হিয়ার
Please do not spit here — দয়া করে, এখানে থুতু ফেলো না
প্লিজ ডু নট স্পিট হিয়ার
Please do not sleep here. — দয়া করে, এখানে ঘুমিয়ো না
প্লিজ ডু নট স্লিপ হিয়ার

# তৃতীয় অধ্যায়

## ইংরেজিতে প্রশ্ন করতে শেখা

***প্রশ্ন করার জন্য বাংলায় যেমন কিছু অব্যয়জ্ঞাপক শব্দ যেমন- কী/কি, কখন, কীভাবে, কোথায় ইত্যাদি ব্যবহৃত হয়, ইংরেজিতেও তেমন কিছু শব্দ ব্যবহৃত হয় যেমন, what, when, where, how, who ইত্যাদি।

**What, When Why, Where, How, Which, Whom, Whose, Who**

| | | |
|---|---|---|
| **Why, How, Who** | **হোয়াই, হাউ, হু** | **কেন, কিভাবে/কীভাবে, কে** |
| **What, When, Whom** | **হোয়াট, হোয়েন, হুম** | **কি/কী, কখন, কাকে** |
| **Where, Which, Whose** | **হোয়ার, হুইচ, হুজ** | **কোথায়, কোনটি, কার** |

### What

What is your name? তোমার নাম কি?
হোয়াট ইজ ইওর নেম?
What is her name? তার (মেয়ে) নাম কি?
হোয়াট ইজ হার নেম?
What is his name? তার (ছেলে) নাম কি?
হোয়াট ইজ হিজ নেম?
What is this? এটা কি?
হোয়াট ইজ দিস?
What do you like? তুমি কি পছন্দ করো?
হোয়াট ডু ইউ লাইক?
What does Tonu like? তনু কি পছন্দ করে?
হোয়াট ডাজ তনু লাইক?
What do friends like? বন্ধুরা কি পছন্দ করে?
হোয়াট ডু ফ্রেন্ডস লাইক?

**How**

How are you? তুমি কেমন আছো?
হাউ আর ইউ?

How is Bina? বিনা কেমন আছে?
হাউ ইজ বিনা?

How is your village? তোমার গ্রাম কেমন?
হাউ ইজ ইওর ভিলেজ?

How does it look? এটা দেখতে কেমন?
হাউ ডাজ ইট লুক?

How do you go to school? তুমি কিভাবে স্কুলে যাও?
হাউ ডু ইউ গো টু স্কুল?

How does Helen go to school? হেলেন কিভাবে স্কুলে যায়?
হাউ ডাজ হেলেন গো টু স্কুল?

**Where**

Where are you? তুমি কোথায়?
হোয়ার আর ইউ?

Where do you live? তুমি কোথায় থাকো?
হোয়ার ডু ইউ লিভ?

Where are the birds? পাখিরা কোথায় থাকে?
হোয়ার আর দি বার্ডস?

Where are they going? তারা কোথায় যাচ্ছে?
হোয়ার আর দে গোইং?

**Who**

Who are you? তুমি কে?
হু আর ইউ?

Who is she? সে (মেয়ে) কে?
হু ইজ শি?

Who is he? সে (ছেলে) কে?
হু ইজ হি?

Who is your teacher? তোমার শিক্ষক কে?
হু ইজ ইওর টিচার?

**Which**

Which is your pen? কোনটা তোমার কলম?
হুইচ ইজ ইওর পেন?

Which are their books? কোনগুলো তাদের বই?
হুইচ আর দেয়ার বুকস্?

Which color do you like? কোন রং তুমি পছন্দ করো?
হুইচ কালার ডু ইউ লাইক?

Which one do you want? কোনটা তুমি চাও?
হুইচ ওয়ান ডু ইউ ওয়ান্ট?

**Why**

Why are you sad? তুমি কেন দুঃখিত?
হুয়াই আর ইউ স্যাড?

Why is he happy? সে কেন খুশি?
হুয়াই ইজ হি হ্যাপি?

Why are they not going to school? তারা কেন স্কুলে যাচ্ছে না?
হুয়াই আর দে নট গোইং টু স্কুল?

Why did you smile? তুমি কেন হেসেছিলে?
হুয়াই ডিড ইউ স্মাইল?

Why will you go to market? তুমি কেন বাজারে যাবে?
হুয়াই  উইল ইউ গো টু মার্কেট?

**When**

When are you coming back? কখন তুমি ফিরে আসছো?
হোয়েন আর ইউ কামিং ব্যাক?

When is she going to school? কখন সে স্কুলে যাচ্ছে?
হোয়েন ইজ শি গোইং টু স্কুল?

When did you sleep? কখন তুমি ঘুমিয়েছিলে?
হোয়েন ডিড ইউ স্লিপ?

When will they play? কখন তারা খেলবে?
হোয়েন উইল দে প্লে?

Composition:
Asking questions:
What is your name? How old are you? Where is your home? What is your favorite game? Who is your friend? Which was your pen? Why were you so sad yesterday? When will be fine? When will we visit our village?